# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 03-09-2025** **Time: 7.35 A.M.**

---

**<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>**

১) ভিন রাজ্যে বাংলা ভাষাভাষীদের হেনস্থার অভিযোগ নিয়ে বিধানসভায় আলোচনা চলাকালীন গোটা অধিবেশনের জন্য সাসপেন্ড বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

২) প্রাথমিক নিয়োগ দুর্নীতি মামলায় যোগ্য-অযোগ্য বিচার করা আদালতের পক্ষে আদৌ সম্ভব কিনা, তা নিয়ে সংশয় প্রকাশ করেছেন কলকাতা হাইকোর্টের বিচারপতিরা।

৩) পাবলিক সার্ভিস কমিশন মিসলেনিয়াস সার্ভিসেস রিক্রুটমেন্টের ফাইনাল পরীক্ষায় ভুয়ো শংসাপত্র দেওয়ার অভিযোগে তিন পরীক্ষার্থীকে বাতিল ঘোষণা করেছে।

৪) পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনে আগামী ৫ ই সেপ্টেম্বর থেকে চালু হতে চলেছে দুটি নতুন এসি ইএমইউ লোকাল।

৫) কিংবদন্তি অভিনেতা মহানায়ক উত্তম কুমারের আজ জন্মদিন নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হচ্ছে।

৬) আজ করম পরব। জঙ্গলমহলের কৃষি ভিত্তিক এই উৎসবে মেতেছেন আদিবাসীরা।

--------------------------------------------------------------------------------

ভিন রাজ্যে বাংলা ভাষাভাষী মানুষকে হেনস্থা করার অভিযোগে রাজ্য বিধানসভায় আনা সরকারি প্রস্তাবের উপর আলোচনার প্রথম দিনে গতকাল শাসক বিরোধী চাপান উতোরে বিশেষ অধিবেশন উত্তপ্ত হয়ে ওঠে । সেনাবাহিনীকে নিয়ে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর মন্তব্যের প্রতিবাদ করেন বিজেপি বিধায়করা। যা নিয়ে দুপক্ষের মধ্যে তীব্র

বাদানুবাদ শুরু হয়। বিধানসভা কক্ষের শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারিকে গোটা অধিবেশনের জন্য সাসপেন্ড করেন অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়।

বিজেপি শাসিত একাধিক রাজ্যে বাঙালি হেনস্থার পিছনে রাজনৈতিক অভিসন্ধির অভিযোগ তোলেন পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়। আলোচনায় অংশ নিয়ে বিরোধী পক্ষের মুখ্য সচেতক শঙ্কর ঘোষ সরকারপক্ষের আনা অভিযোগ খন্ডন করে বলেন, তৃণমূল কংগ্রেস এতদিন ধর্মের নামে বিভাজন ঘটানোর চেষ্টা করছিল। তা প্রকাশ্যে আসায় এখন প্রাদেশিকতা নিয়ে আবেগ তৈরির চেষ্টা চলছে। এরপর শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর মন্তব্য নিয়ে শুরু হয় বাদানুবাদ। এরপরই ধর্মতলায় তৃণমূল কংগ্রেসের ভাষা আন্দোলনের মঞ্চ ভেঙে দেওয়ার ঘটনায় শাসক দলের নেতা-নেত্রীদের মন্তব্যে ভারতীয় সেনা বাহিনীকে অপমান করা হয়েছে, এই অভিযোগ তোলেন বিজেপি বিধায়কেরা। শিক্ষামন্ত্রীর বিরুদ্ধে সরব হওয়ায় বিরোধী দলনেতাকে অধ্যক্ষ বারবার সতর্ক করেন। কিন্তু শুভেন্দু তাতে কর্ণপাত করেননি বলেই অভিযোগ। এরপরেই শুভেন্দু অধিকারিকে দিনের মতো সাসপেন্ড করেন তিনি।

--------------------

এদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে সাসপেন্ড করার পরই বিজেপি বিধায়করা সভা থেকে ওয়াক আউট করে বিধানসভার বাইরে এসে বিক্ষোভ দেখান। শ্রী অধিকারীর অভিযোগ, শিক্ষামন্ত্রী ভারতীয় সেনাকে বাংলাদেশের সেনাবাহিনীর সঙ্গে তুলনা করেছেন। তবে, সেনা বাহিনীর পক্ষে কথা বলায় তাঁকে যদি সাসপেন্ড হতে হয়, তবে তিনি গর্বিত।

--------------------

প্রাথমিক নিয়োগ দুর্নীতি মামলায় যোগ্য-অযোগ্য বিচার করা আদালতের পক্ষে আদৌ সম্ভব কিনা বলে কলকাতা হাইকোর্ট জানিয়েছে। প্রাক্তন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের ৩২ হাজারের বেশি চাকরি বাতিলের নির্দেশকে চ্যালেঞ্জ করে ডিভিশন বেঞ্চে দায়ের হওয়া মামলার শুনানিতে দুই বিচারপতি তপব্রত চক্রবর্তী এবং ঋতব্রত কুমার মিত্র জানিয়েছেন, আদালত যোগ্য – অযোগ্যের পৃথকীকরণ করতে পারে না। কিভাবে তা সম্ভব, তা নিয়েও প্রশ্ন তুলেছে ডিভিশন বেঞ্চ।

আগামী ১১-ই সেপ্টেম্বর এই মামলার পরবর্তী শুনানি। ওই দিন মামলাকারীদের পক্ষের আইনজীবীকে তাদের বক্তব্য জানাতে নির্দেশ দেওয়া হয়েছে।

--------------------

মিসলেনিয়াস সার্ভিসেস রিক্রুটমেন্ট ফাইনাল পরীক্ষায় ভুয়ো শংসাপত্র দেওয়ার কারণে তিন পরীক্ষার্থীর পরীক্ষা বাতিল করা হল বলে জানিয়েছে পাবলিক সার্ভিস কমিশন । কমিশনের ওয়েবসাইট জানানো হয়েছে তফশিলি উপজাতি বা এসটি ক্যাটাগরিতে এই তিন পরীক্ষার্থীর আবেদন করেছিল। কিন্তু পিএসসি তাঁদের শংসাপত্র খতিয়ে দেখে নিশ্চিত হয়েছে যে এই তিনজনের কেউই এসটি ক্যাটাগরিতে পড়ছেন না। তাই উত্তীর্ণ হলেও এদের পরীক্ষা বাতিল কর হল। ১৮ অগাস্ট বিজ্ঞপ্তি দিয়ে এই সিদ্ধান্তের কথা জানায় পি এস সি।

--------------------

এবারের উচ্চমাধ্যমিকে তৃতীয় সেমিস্টারের পরীক্ষা শুরু হচ্ছে আগামী ৮ সেপ্টেম্বর থেকে। এবছর পরীক্ষার্থীর সংখ্যা ৬ লাখ ৬০ হাজার। এ বছর ছাত্রদের থেকে

ছাত্রীদের সংখ্যা প্রায় ৭৯ হাজার ৫৮২ জন বেশি। পরীক্ষার্থীদের মধ্যে ছাত্রদের হার ৪৩ দশমিক ৯/৭%। ছাত্রীদের হার ৫৬দশমিক ০/৩ শতাংশ।

পরীক্ষার ব্যবস্থাপনা নিয়ে গতকাল এক সাংবাদিক বৈঠকে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য জানান, সেমিস্টার পদ্ধতি বাস্তবায়নের মাধ্যমে স্কুল শিক্ষার ক্ষেত্রে এক ঐতিহাসিক পদক্ষেপ নেওয়া হয়েছে।

(বাইট- চিরঞ্জীব)

অন্য বছরের মতো এবছরও বাংলা ইংরেজি হিন্দি ও অলচিকি এই চার ভাষায় প্রশ্নপত্র হচ্ছে।

--------------------

পরীক্ষা চলাকালীন স্কুল বা পরীক্ষাকেন্দ্রের বাইরে মাইক বাজানোর প্রবণতা নিয়ে রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় ক্ষোভ প্রকাশ করেছেন। বিধানসভার অধিবেশনে গতকাল তিনি জানান, মাইক ব্যবহারের ফলে পরীক্ষার্থীদের সমস্যায় পড়তে হচ্ছে। এবিষয়ে সকলের সচেতন হওয়া অত্যন্ত জরুরি বলে তিনি মন্তব্য করেন। পরিবেশ মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্যও বিষয়টি নিয়ে উদ্বেগ প্রকাশ করে বলেন, বছরে মাত্র কয়েকটি বিশেষ উৎসবে সীমিত সময়ের জন্য মাইক ও আতশবাজি ব্যবহারের অনুমতি দেওয়া হয়। দীপাবলী, ছট পুজো এবং বড়দিনে নির্দিষ্ট সময়সীমার বাইরে নিয়ম ভঙ্গ হলে তা শাস্তিযোগ্য অপরাধ।

পরিবেশ দূষণ সংক্রান্ত এক প্রশ্নের উত্তরে চন্দ্রিমা ভট্টাচার্য বলেন, দূষণ নিয়ন্ত্রণ অত্যন্ত দরকারি, দপ্তর এ নিয়ে সক্রিয়ভাবে কাজ করছে। এজন্য চালু আছে টোল ফি নম্বরও। সেটি হল – ১৮০০-৩৪৫-৩৩৯০।

--------------------

রাজ্যের চল্লিশ হাজারের বেশি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে দুই হাজারেরও অধিক প্রতিষ্ঠান কোথাও শিক্ষক শূন্য বা কোথাও মাত্র একজন করে শিক্ষক বা শিক্ষিকা রয়েছেন বলে শিক্ষা দপ্তরের পোর্টালে জানানো হয়েছে। এই সব স্কুলগুলিতে মোট পড়ুয়ার সংখ্যা ৫০ হাজারের কাছাকাছি। কোন বিদ্যালয় যাতে শিক্ষক শূন্য না থাকে তার জন্য জেলাভিত্তিক যাচাই করে শিক্ষকদের বদলি করতে হবে বলে শিক্ষা দপ্তরের পক্ষ রাজ্যের প্রাথমিক বিদ্যালয় সংসদগুলিকে চিঠি দেওয়া হয়েছে।

উল্লেখ্য, ২০০৯ সালের নিয়ম অনুয়ায়ী ৬০ জন পড়ুয়া পিছু কমপক্ষে দু-জন শিক্ষক রাখা বাধ্যতামূলক।

-------------------

ছাত্র সংসদ নির্বাচন করাতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সম্পূর্ন প্রস্তুত বলে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের জানিয়েছে। গতকাল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার এবং সংশ্লিষ্ট ডিনদের সঙ্গে এক বৈঠকের পর বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ডিন অফ স্টুডেন্টস ডক্টর বাপ্পা মল্লিক বলেন, ওই বৈঠকের সিদ্ধান্ত অনুসারে ছাত্র সংসদ নির্বাচনের জন্য বিশ্ববিদ্যালয়ের তরফে গতকাল রাজ্য সরকারকে আবার চিঠি দেওয়া হয়েছে। প্রয়োজনীয় নির্দেশ পেলেই নির্বাচন করানো হবে।

-------------------

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের শিয়ালদা - বনগাঁ - রানাঘাট এবং শিয়ালদা - কৃষ্ণনগর রুটে AC EMU লোকাল আগামী ৫ ই সেপ্টেম্বর থেকে চালু হচ্ছে। তবে, এই দুই পরিষেবা রবিবার বাদে সপ্তাহের ৬ দিন পাওয়া যাবে। রানাঘাট - শিয়ালদা ভায়া বনগাঁ এসি লোকাল রানাঘাট থেকে সকাল ৭ টা ১১ মিনিটে ছেড়ে সকাল ৭ টা ৫২ মিনিটে বনগাঁ য় ও সকাল ৯ টা ৩৭ মিনিটে শিয়ালদায় পৌঁছাবে। ফিরতি পথে সন্ধ্যা ৬

টা ১৪ মিনিটে শিয়ালদা থেকে ছেড়ে রাত ৮ টা ৪ মিনিটে বনগাঁ এবং রাত ৮ টা ৪১ মিনিটে রানাঘাটে  পৌঁছাবে।

অন্যদিকে, শিয়ালদা - কৃষ্ণনগর AC EMU লোকাল শিয়ালদা থেকে সকাল ৯ টা ৪৮ মিনিটে ছেড়ে দুপুর ১২ টা ৭ মিনিটে কৃষ্ণনগরে পৌঁছাবে।

ফেরার পথে কৃষ্ণনগর থেকে দুপুর দেড়টায় রওনা হয়ে শিয়ালদা পৌঁছবে বিকেল তিনটে ৪০ মিনিটে।

শিয়ালদা থেকে বনগাঁ ভাড়া মাথা পিছু ১২০ টাকা, এবং শিয়ালদা থেকে রানাঘাট ভায়া বনগাঁ ভাড়া মাথা পিছু দেড়শো টাকা।

অন্যদিকে, শিয়ালদা থেকে কৃষ্ণনগরের ভাড়া মাথা পিছু ১৪০ টাকা ধার্য করা হয়েছে বলে রেল সূত্রের খবর।

এদিকে, পুনরায় বিজ্ঞপ্তি জারি না হওয়া পর্যন্ত আজ থেকে কলকাতা মেট্রোর ব্লু লাইনে দমদম ও শহীদ ক্ষুদিরাম  থেকে ছেড়ে আসা রাত ১০ টা ৪০ মিনিটে পরীক্ষা মূলক ভাবে চালানো মেট্রো পরিষেবা বাতিল থাকবে। প্রযুক্তিগত কিছু অসুবিধার কারণেই এই সিদ্ধান্ত বলে কলকাতা মেট্রোর তরফে আজ এক বিবৃতিতে একথা জানানো হয়েছে।

--------------------

চলতি মরশুমে কলকাতা শহরে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা গতবছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে। পুরসভা সূত্রে জানা গেছে, সর্বশেষ পরিসংখ্যান অর্থাৎ ২৪শে আগস্ট পর্যন্ত শহরে মোট ৩৮৩ জন ডেঙ্গু আক্রান্তের খোঁজ মিলেছে। গতবছর এই সংখ্যা ছিল ৩১২ জন। তবে ২০২৩ সালের পরিসংখ্যানের তুলনায় তা বেশ খানিকটা কম। ইতিমধ্যেই

সানি পার্ক, পিকনিক গার্ডেন সহ শহরের মোট সাতটি ওয়ার্ডকে ডেঙ্গুপ্রবণ বলে চিহ্নিত করা হয়েছে বলে  পুরসভার ভেক্টর কন্ট্রোল অফিসার দেবাশীষ বিশ্বাস জানিয়েছেন।

(বাইট- ভেক্টর কন্ট্রোল)

-------------------

দক্ষিণ ২৪ পরগণার কাকদ্বীপের গণেশনগর এলাকায় পুজোর প্রসাদ খেয়ে অসুস্থ হয়ে পড়েছেন প্রায় ২৫ জন। এর মধ্যে একাধিক শিশুও রয়েছে। বাকিদের কাকদ্বীপ মহকুমা হাসপাতালে ভর্তি করা হলেও একটি শিশুর অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে ডায়মন্ডহারবার মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়েছে। জানা গেছে গত বরিবার রাতে রাধাষ্টমী পুজোর প্রসাদ খেয়ে বেশ কয়েকজনের পেটের সমস্যা দেখা দেয়। তবে অধিকাংশরই শারীরিক অবস্থা স্থিতিশীল।

-------------------

কিংবদন্তি অভিনেতা মহানায়ক উত্তম কুমারের আজ জন্মদিন। অভিনেতা জন্ম শত বর্ষ উদযাপনের লক্ষ্যে শহর জুড়ে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সর্বকালের শ্রেষ্ঠ ও জনপ্রিয় অভিনেতা হিসাবে তাঁর অসাধারণ অভিনয় প্রতিভার জন্য আজও মহানায়ক হিসাবে তিনি অমর হয়ে রয়েছেন আপামর বাঙালির হৃদয়ে।

ইনসার্ট ভয়েস উত্তম কুমার

দিনটি উপলক্ষে উত্তর কলকাতার আহিরি টোলা স্ট্রিট ও বি কে পাল এভিনিউ এর সংযোগস্থলে মহানায়ক উত্তম কুমার শিশু ও মহিলা উদ্যানে  কলকাতা পুরসভার  উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে মহানায়কের মূর্তিতে পুষ্পার্ঘ্য নিবেদন করে শ্রদ্ধা জানাবেন রাজ্যের পুর ও নগর  উন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ

হাকিম সহ বিশিষ্ট জনেরা। বিভিন্ন অনুষ্ঠানে কলাকুশলী, শিল্পী, বিনোদন জগতের মানুষজন, তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করবেন।

-------------------

আজ করম পরব। জঙ্গলমহল তথা বৃহত্তর ছোটনাগপুরের আদিম জনগোষ্ঠীর সবচেয়ে বড়ো উৎসব হলো-"করম পরব"। এই উৎসব মূলতঃ কৃষি ভিত্তিক। বিহার, ঝাড়খন্ড, উড়িষ্যা সহ পশ্চিমবঙ্গের প্রধানত জঙ্গলমহলের বাঁকুড়া,পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম জেলায় ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে এই উৎসব পালন করছেন এলাকার কুড়মি সম্প্রদায়ের মানুষজন। সেই সঙ্গেই জঙ্গলমহলের ভূমি পুত্ররা যেমন কোল, কোড়া, ভূমিজ, সাঁওতাল, হো, মুন্ডা, মাঝি প্রভৃতি আদিবাসী সম্প্রদায়ের মানুষজনও এই উৎসব শ্রদ্ধার সঙ্গে পালন করে।

আজ ভাদ্রমাসের একাদশী তিথিতে "করম পরব" অনুষ্ঠিত হয়। কুমারী মেয়েরা সারাদিন উপবাস থেকে জাওয়া নাচ ও গীতের মাধ্যমে, শস্য উৎপাদনের মঙ্গল কামনায় দিনটি করম দেবতার সংকল্পে নিবেদিত করে। মূলত, কৃষিকাজের প্রয়োজনে শষ্যবীজ সম্পর্কে সাম্যক জ্ঞান অর্জন; সেই সঙ্গেই অঙ্কুরোদ্গম প্রক্রিয়াকে স্বচক্ষে পর্যবেক্ষণ করা এই পরবের অন্যতম উদ্দেশ্য।

রাজ্য সরকার এতদিন এই উৎসব উপলক্ষে আংশিক ছুটি ঘোষণা করলেও এবছর থেকে সর্বস্তরে ছুটি দিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী করম পরব উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন।

-------------------

উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরে তৈরি ঘূর্ণাবর্তটি একটি নিম্নচাপ অঞ্চলে পরিণত হয়েছে। এটি আরও ঘনীভূত হয়ে পরবর্তী ২৪ ঘণ্টায় ওড়িশা হয়ে পশ্চিম-উত্তরপশ্চিম

দিকে অগ্রসর হবে । এর প্রভাবে দক্ষিণবঙ্গের অধিকাংশ স্থানে বজ্রবিদ্যুৎসহ হালকা থেকে মাঝারি বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছেন আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায়।

(বাইট – সৌরিশ বন্দ্যোপাধ্যায়)

------------------- -------------------